দৈনিক সংবাদ

DEC. 29 2001

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৪ ......

ইবিতে ভর্তি পরীক্ষা

# সিটের সংখ্যা ১১৬০ অথচ ফরম জমা পড়েছে ৪২৬৩৫টি

রবিউল আলম, ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে : ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় ১ হাজার ১শ ৬০টি সিটের বিপরীতে ফরম জমা পড়েছে ৪২ হাজার ৬শ ৩৫টি। আজ ২৯শে ডিসেম্বর থেকে এ বছর ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে গড়ে এ বছর ১টি সিটের জন্য ৩৭ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। সবচেয়ে বেশি প্রতিযোগিতা হবে কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগে। এ বিভাগে মোট সিট সংখ্যা ৪০ এবং ভর্তি পরীক্ষার ফরম জমা পড়েছে ৩ হাজার ৭শ ৩৬। গড়ে এ বিভাগে ১টি সিটের জন্য প্রায় ৯৫ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। সবচেয়ে কম প্রতিযোগিতা হবে আরবি ভাষা ও সাহিত্য বিভাগে। এ বিভাগে গড়ে ১টি সিটের বিপরীতে ৫ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করছে। এছাড়া অন্যান্য বিভাগের মধ্যে অর্থনীতিতে ৫৪ জনে একজন, বাংলায় গড়ে ৪১ জন, ইংরেজিতে ২৮ জন, রাষ্ট্রনীতি ও লোকপ্রশাসন বিভাগে ৬৯ জন, আইন বিভাগে ৬০ জন, বিবিএ হিসাব বিজ্ঞানে ৪২ জন, বিবিএ. ব্যবস্থাপনায় ৪৩ জন, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে ৩৬ জন, ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ বিভাগে ৫৮ জন, ইনফরমেশন বিভাগে ৭২ জন, বায়োটেকনোলজি বিভাগে ৩০ জন, ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান বিভাগে ২৩ জন, কোরান বিভাগে ১৪ জন, দাওয়াহ বিভাগে ১০ জন, হাদিস বিভাগে ১২ জন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে গড়ে ১টি সিটের জন্য ৩৭ জন ছাত্র-ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৫টি অনুষদে ১৮টি বিভাগ রয়েছে। ভর্তি পরীক্ষার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে ভর্তি পরীক্ষা কমিটির এক কর্মকর্তা জানিয়েছেন।

## আজ থেকে অনার্স ভর্তি পরীক্ষা

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্সে ভর্তি পরীক্ষা আজ ২৯শে ডিসেম্বর থেকে শুরু হচ্ছে। প্রতিদিন দুই শিফটে ভর্তি পরীক্ষা চলবে। প্রথম শিফট শুরু হবে সকাল ১০টায় এবং ১২টা পর্যন্ত চলবে। দ্বিতীয় শিফট শুরু হবে বেলা ১-৩০ মিনিটে এবং ৩টা পর্যন্ত চলবে।

২৯শে ডিসেম্বর সকালে আল-কুরআন দুপুরে আল হাদিস, ৩০শে ডিসেম্বর প্রথম শিফটে দাওয়াহ, দ্বিতীয় শিফটে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ৩১শে ডিসেম্বর প্রথম শিফটে বিবিএ (হিসাব বিজ্ঞান), ২য় শিফটে বিবিএ (ব্যবস্থাপনা), ১লা জানুয়ারি প্রথম শিফটে ইংরেজি, ২য় শিফটে বাংলা, ২রা জানুয়ারি প্রথম শিফটে রাষ্ট্রনীতি ও লোকপ্রশাসন. ২য় শিফটে অর্থনীতি, ৩রা জানুয়ারি প্রথম শিফটে আরবি ভাষা, ২য় শিফটে আইন, ৫ই জানুয়ারি প্রথম শিফটে ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ, ২য় শিফটে কম্পিউটার বিজ্ঞান; ৬ই জানুয়ারি প্রথম শিফটে ফলিত রসায়ন, ২য় শিফটে ইনফরমেশন, ৭ই জানুয়ারি প্রথম শিফটে বায়োটেকনোলজি ও ২য় শিফটে ফলিত পুষ্টি বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।